

বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন হবে ২ জুন। এতে আচার্য ও রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি উপস্থিত থাকবেন। আজ সোমবার নগরীর খড়খড়ি বাইপাস সংলগ্ন বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়।

সংবাদ সম্মেলনের লিখিত বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম. ওসমান গনি তালুকদার বলেন, বিশ্ববিদ্যালয়ের ৩ টি অনুষদভূক্ত ১০টি বিভাগের ৪ হাজার গ্রাজুয়েটদের আনুষ্ঠানিকভাবে ডিগ্রি প্রদান করা হবে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের অনন্য কৃতিত্বের স্বাক্ষর রাখা ২ জন শিক্ষার্থীকে 'চ্যাম্পেলর গোল্ড মেডেল' এবং ৯ শিক্ষার্থীকে 'ভাইস-চ্যাম্পেলর গোল্ড মেডেল' প্রদান করা হবে।

সংবাদ সম্মেলনে জানানো হয়, সমাবর্তন বক্তা হিসেবে সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও সাবেক সংস্কৃতি বিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান নূর, বিশেষ অতিথি হিসেবে রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য এ.এইচ.এম. খায়রুজ্জামান লিটন এবং শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)র চেয়ারম্যান এবং ইউজিসি'র বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগের দায়িত্বপ্রাপ্ত সদস্যরা উপস্থিত থাকবেন।

উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা সময় থেকে স্প্রিং ২০২০ সেমিস্টার পর্যন্ত স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর (মাস্টার্স) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা রেজিস্ট্রেশন করে অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবে। রেজিস্ট্রেশন চলমান রয়েছে যা আগামী ১৮ মে পর্যন্ত চলবে। রেজিস্ট্রেশন সংক্রান্ত যেকোন তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.vu.edu.bd) এ পাওয়া যাবে।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক আশিক মোসাদ্দিক, পরীক্ষা নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত রেজিস্ট্রার পারমিতা জামান, সাংবাদিকতা, যোগাযোগ ও মিডিয়া স্টাডিজ বিভাগের কো-অর্ডিনেটর শাতিল সিরাজ, একই বিভাগের প্রভাষক রমজান আলী প্রমুখ।